

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০১.২০২০ ৭২৪

তারিখ: ২৯ ভাদ্র, ১৪২৮
১৩ সেপ্টেম্বর, ২০২১

পরিপত্র

বিষয় : ইউনিয়ন পরিষদের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশনা বিষয়ক লক্ষ্যে রাজস্ব বরাদ্দককরণ ও ব্যয় প্রসংগে।


ইউনিয়ন পরিষদ আইন (২০০৯) এর ধারা ৭৬ অনুযায়ী পরিষদ প্রত্যেক বৎসর সরকার কর্তৃক নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে পরিষদের বার্ষিক, আর্থিক ও প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করিবে এবং পরবর্তী বৎসরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে উহা সরকারের নিকট প্রেরণ করিবে। উল্লেখিত আইন ও বিধি অনুযায়ী ইউনিয়ন পরিষদের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক সরকারের নিকট প্রেরণ এমনকি সংসদ অধিবেশনেও উপস্থাপনের নির্দেশনা রয়েছে।

০২। উল্লেখিত আইন ও বিধির আলোকে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ৯ মে ২০২১ তারিখে (স্মারক নং-৪৬. ০০ .০০০০ .০৪৫ .১৮.০১৬.২০১৯-২৭৯) “ইউনিয়ন পরিষদের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশনা বিষয়ক গাইডলাইন (নির্দেশিকা)” অনুমোদন করা হয়। উল্লেখিত নির্দেশিকার আলোকে ইউনিয়ন পরিষদের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা গেলে পরিষদের মাধ্যমে সম্পাদিত বার্ষিক কর্মকাণ্ডের অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

০৩। কর বিধিমালা, ১৯৬০ অনুযায়ী এবং ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১৩ অনুযায়ী ইউনিয়ন পরিষদ নিজস্ব এলাকায় কর, রেইট, টোল ফি ইত্যাদি নির্ধারণ ও আদায় করে থাকে। অর্জিত রাজস্বের একটি অংশ থেকে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনায় ব্যয় করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদের আইন ও বিধির সফল বাস্তবায়ন এবং পরিষদের কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে অনুমোদিত নির্দেশিকা অনুসারে নিজস্ব অর্থায়নে প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কার্যক্রম আবশ্যিকভাবে সম্পন্ন করার জন্য এ পরিপত্র জারী করা হলো।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
Email : Up1lgd@gmail.com

বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----উপজেলা।
- ৩। ইউপি চেয়ারম্যান (সকল)----- ইউনিয়ন,-----উপজেলা,-----জেলা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।